



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd
Answer Worksheet - 8
Class - 2

Subject : Bengali Text
Topic : আমাদের দেশ

Date : 11.06.2020

১) শূন্যস্থান পূরণ কর।

- ক) কয়েক ঘণ্টার মধ্যেই সকলের সঙ্গে সুজয়ের খুব ভাব হয়ে গেল।
খ) দূরে থাকলেই পর, আর কাছে এলে সবাই আপন।
গ) দেশের মানুষকে জানলে চিনলে তারাও তোমার আপন হয়ে যাবে।
ঘ) কলকাতা থেকে আশি কিলোমিটার দূরে সুজয়ের গ্রামের বাড়ি।
ঙ) সুজয় দেশের বাড়িতে কখনো যায়নি।

২) বাক্য রচনা কর।

- ক) আপনজন — আপনজনেরা সব সময় আমাদের মঙ্গলকামনা করে।
খ) গ্রাম — গ্রামের পরিবেশ খুবই শান্ত ও সুন্দর।
গ) পরিচয় — নিখিলের সাথে গতকাল আমার পরিচয় হল।
ঘ) আনন্দ — দুর্গা পূজার সময় আমরা বন্ধুরা মিলে খুব আনন্দ করি।

৩) নীচের বাক্যগুলির পাশে 'ঠিক' বা 'ভুল' লেখ।

- ক) কয়েকটি রাজ্য মিলে হয় একটি জেলা। (ভুল)
খ) মজার ব্যাপার ঘটল বাড়ি পৌঁছবার পর। (ঠিক)
গ) সুজয় জন্মাবধি গ্রামে থাকে। (ভুল)
ঘ) একই দেশের মানুষেরা পরস্পরের আত্মীয়ের মতো। (ঠিক)
ঙ) আত্মীয় - স্বজন দূরে থাকলেই বেশি আপন হয়। (ভুল)

৪) সঠিক উত্তরের মাথায় (✓) চিহ্ন দাও।

- ক) সুজয়ের বয়স হল (বারো / দশ)।
খ) শালুক ফুল ভাসছে (পুকুরের / দিঘির) জলে।
গ) প্রায় লক্ষ (শহর / গ্রাম) আছে সমস্ত ভারতে।

৫) নীচের প্রশ্নগুলির উত্তর লেখ।

- ক) কার বিয়ে উপলক্ষে সুজয় দেশের বাড়িতে যাচ্ছে?
উঃ দিদির বিয়ে উপলক্ষে সুজয় দেশের বাড়িতে যাচ্ছে।
খ) 'আমাদের দেশ' পাঠটি কে লিখেছেন?
উঃ 'আমাদের দেশ' পাঠটি লিখেছেন স্বীরেন্দ্রনাথ দত্ত।
গ) সুজয় কাদের আগে কখনো দেখেনি?
উঃ সুজয় তার খুড়তুতো, জেঠতুতো, মামাতো, পিসতুতো, মাসতুতো ভাইবোনদের আগে কখনো দেখেনি।